আজকের কাগজ

তারিখ 25 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

৫০

14

# শিবগঞ্জে ৪০টি বেসরকারি বিদ্যালয়ের অস্তিত্ব হুমকির সম্মুখীন

চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানার ৪০টি প্রাথমিক বিদ্যালয় বর্তমানে সমস্যার মধ্যে হাবুডুবু খাচ্ছে। বহুমুখী সমস্যায় স্কুলগুলোর অস্তিত্ব হুমকির সম্মুখীন। থানা শিক্ষা অফিসের একটি দায়িত্বশীল সূত্রের মতে, এলাকায় রেজিস্ট্রেশনপ্রাপ্ত ৪০টি এবং আরো ৯টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার ন্যূনতম সুযোগ-সুবিধা নেই। স্থানীয় জনসাধারণ এবং শিক্ষকদের নিজ প্রচেষ্টায় স্কুলগুলো পরিচালিত হয়ে আসছে। সবচেয়ে বড় সমস্যা হচ্ছে, স্কুলগুলোর আসবাবপত্র, চেয়ার বেঞ্চ, চালাঘরের প্রচণ্ড অভাব। কোনো কোনো স্কুলে ছাত্রছাত্রীরা গাছতলায় বসে ক্লাস করে। খড় দিয়ে তৈরি এসব চালাঘর বছর বছর নষ্ট হয়ে যায় এবং নতুন করে তৈরির প্রয়োজন পড়ে।

থানা বেসরকারি স্কুল শিক্ষক সমিতির সভাপতি আলী হোসেন অভিযোগ করে বলেন, যেখানে সরকারি স্কুলগুলো যাবতীয় সুযোগ-সুবিধা পায়, সেখানে এই স্কুলগুলো কোনো সুবিধা পায় না। তার ওপর সরকারি স্কুলগুলোতেই বিল্ডিং তৈরি হচ্ছে আর বেসরকারি স্কুলসমূহের চালাঘর ধসে পড়ছে। শিবগঞ্জ থানা বেসরকারি শিক্ষক সমিতি এই সব অবহেলিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়নে সরকারের আশু পদক্ষেপের দাবি জানিয়েছে। শিবগঞ্জ থেকে গোলাম মোস্তফা খান।